গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
প্রোগ্রামার এর কার্যালয়
www.doict.jessore.gov.bd

## জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ তমিজুল ইসলাম খান<br>জেলা প্রশাসক, যশোর ও সভাপতি, জেলা আইসিটি কমিটি, যশোর। |
| সভার তারিখ | ২৩ জানুয়ারি ২০২২ |
| সভার সময় | সকাল: ১০.০০ টা। |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এর সম্মেলন কক্ষ-১ |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' |

১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত

১.১: জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/দর্শন:

| ক্র: নং | কর্মকর্তা | ইউডিসি পরিদর্শন | |
|---|---|---|---|
| | | পরিদর্শন | দর্শন |
| ১. | জেলা প্রশাসক, যশোর | ০৩টি | ০২টি |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), যশোর | ০১টি | ০২টি |

১.২ উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্য:

| ক্র: নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরনী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসি এর সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসি এর মাসিক মোট আয় (টাকা) | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| ১ | যশোর সদর | ২৬/০১/২০২২ | হ্যাঁ | ১৫ | ২ | ২ | ২,১৮,৯৮৫/- | ৫৬২২ | |
| ২ | বাঘারপাড়া | ২৬/০১/২০২২ | হ্যাঁ | ১০ | ৩ | ৩ | ৫৮৯২১/- | ১৯৬২ | |
| ৩ | চৌগাছা | ২৬/০১/২০২২ | হ্যাঁ | ১১ | ২ | ২ | ৮২৫৫০ | ১৬৫৫ | |
| ৪ | কেশবপুর | ২৪/০১/২২ | হ্যাঁ | ১১ | ৩ | ২ | ১২৮৪৫৬ | ৪৮৫৩ | |
| ৫ | মনিরামপুর | ২৬/০১/২০২২ | হ্যাঁ | ১৭ | ৬ | ৫ | ১৮৮৩৯০ | ৮০৩৪ | |
| ৬ | শার্শা | ১০/০১/২০২২ | হ্যাঁ | ১১ | - | - | - | - | |
| ৭ | অভয়নগর | ৩১/০১/২০২২ | হ্যাঁ | ৯ | ২ | ২ | ১৫০৬২১/- | ৮৪৮৭ | |
| ৮ | ঝিকরগাছা | ২৭/০৪/২০২০ | হ্যাঁ | ১১ | ০৩ | ০৫ | ১,৫৬,৭৬৬/- | ১৮৯৭ | |

১.৩ মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেম এর জানুয়ারি/২০২২ মাসের প্রতিবেদনঃ

| উপজেলার নাম | মোট মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা | নিজ উদ্যোগে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা | সচল মাল্টিমিডিয়া ক্লাসরুম সংখ্যা (%) | মোট ক্লাস | পারফরমেন্স (%) |
|---|---|---|---|---|---|
| যশোর সদর | ১৩৯ | ২৪ | ১০০ | ৯৯ | ০.৮ |
| শার্শা | ৭৫ | ১৭ | ১০০ | ৩০ | ০.৬ |
| মনিরামপুর | ১৬০ | ১ | ৯৯ | ২৮২ | ২. |
| অভয়নগর | ৬৬ | ২ | ১০০ | ৬৭ | ১.৪ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চৌগাছা | ৮৪ | ২১ | ১০০ | ৩৩ | ০.৭ |
| ঝিকরগাছা | ৭৫ | ০ | ১০০ | ২৩৯ | ৩.২ |
| কেশবপুর | ৯৩ | ২ | ১০০ | ৫৩ | ০.৭ |
| বাঘারপাড়া | ৯৬ | ২ | ১০০ | ২২ | ০.৩ |
| **সারাংশ** | ৭৮৮ | ৬৯ | ৯৯.০০% | ৮২৫ | ১.২ |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জেলা আইসিটি কমিটির সভায় ডিসেম্বর/২০২১ মাসের কার্যক্রম নিয়ে আলোচনা হয়।

২. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ | দাপ্তরিক সচ্ছতা নিশ্চিতের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারী চলে গেলেও আপডেট করা হয়না, লিঙ্ক ব্রোকেন থাকে, ভুল তথ্য দেওয়া থাকে। এ বিষয়ে পত্র-পত্রিকায় লেখালেখি হয়। তাই পোর্টালে এসব তথ্য আপডেট থাকা জরুরি। ডিডিএলজি, যশোর মহোদয়ের স্বাক্ষরিত পত্র মোতাবেক জরুরিভিত্তিতে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয়। এ বিষয়ে ইউএনওগণ তদারকি করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার (সকল) ও স্ব স্ব দপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ। |
| ২.২ | ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি | (ক) কোভিড-১৯ মহামারীকালীন হার্ড-ফাইলের পরিবর্তে ই-ফাইলে কাজ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। আন্তঃসিস্টেমে পত্র জারি বৃদ্ধিকরণ ও এ জেলায় ই-নথিতে ভালো পার্ফরমেন্স দেখানোর জন্য সংশ্লিষ্ট সকলকে আরো দায়িত্ববান হওয়ার আহ্বান করা হয়।<br>(খ) ই-নথিতে স্পিড অনেক কম, বিষয়টি নিয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।<br>এ কার্যক্রমে সহকারী প্রোগ্রামার (সকল) কে মনিটরিং করতে বলা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর ও স্ব স্ব দপ্তরের অফিস প্রধানগণ। |
| ২.৩ | সরকারী ই-মেইল ব্যবহার সংক্রান্ত | স্ব স্ব দপ্তরের সরকারী ই-মেইলে অনেক গুরুত্বপূর্ণ চিঠিপত্র আসে। সচিবালয়ের নির্দেশনা- ২০১৪ মোতাবেক চিঠিপত্র প্রেরণের ক্ষেত্রে পর্যায়ক্রমে ই-নথি/ই-মেইল ব্যবহার করতে হবে। এবং পত্রের নীচে অবশ্যই ইমেইল ও ফোন নম্বর যুক্ত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | জেলা ও উপজেলার সকল দপ্তর প্রধানগণ। |
| ২.৪ | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান | ডিজিটাল যশোর জেলার ভাবমূর্তি অক্ষুন্ন রাখতে প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান এবং সভার রেজুলেশন প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলার সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর কে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), যশোর ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর। |
| ২.৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত | স্কুলগুলোতে বর্তমানে স্থাপিত ল্যাব ছাড়াও আরো ১০ হাজার শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপিত হবে। ল্যাবগুলোর আধুনিকায়ন ও পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে স্কুলগুলোর নিজস্ব ফান্ড ব্যবহারের নির্দেশনা দেওয়া হয়, এছাড়া উক্ত ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত এবং সরকারের মহৎ উদ্দেশ্য বাস্তবায়নে অগ্রগামী হতে হবে। এ বিষয়ে সহকারী প্রোগ্রামারগণ এসব ল্যাব নিয়মিত পরিদর্শনপূর্বক জেলা কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য তাগিদ দেওয়া হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর এবং সংশ্লিষ্ট এসআরডিএল শিক্ষক |

| | | | |
|---|---|---|---|
| ২.৬ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | (ক) ডিজিটাল যশোরের ভাবমূর্তি অক্ষুন্ন রাখতে করোনাকালীন মাল্টিমিডিয়া ক্লাসরুমে ক্লাস আরো বেশি হওয়ার কথা কিন্তু তথ্য বাতায়নে তা আপলোড করা হয়নি, এ বিষয়ে আরো যত্নবান হতে শিক্ষকগণকে আহ্বান জানানো হয়।<br>(খ) মাল্টিমিডিয়া ক্লাসরুম বৃদ্ধির জন্য জেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>(গ) মাল্টিমিডিয়া ক্লাসের তথ্য আপলোডের যে সমস্যা দেখা দিচ্ছে তা সমাধানের জন্য প্রোগ্রামার, যশোরকে অনুরোধ করা হয়।<br>(ঘ) স্কুল/কলেজ গুলোতে শিক্ষকদেরকে আইসিটি প্রশিক্ষণ দিতে হবে এবং ল্যাবগুলোতে সকল ছাত্র-ছাত্রীদের প্রবেশ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা শিক্ষা কর্মকর্তা, যশোর ও প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, যশোর। |
| ২.৭ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্ত | স্টান্ডার্ড ডিজিটাল সেন্টার তৈরীর লক্ষ্যে- সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করতে হবে, সেবার চার্জ কত তার তালিকা দেয়ালে লাগাতে হবে, এসেট রেজিস্টার রাখতে হবে, সরকারের উন্নয়নমূলক চিত্রের ব্যানার প্রিন্ট করে দেয়ালে লাগাতে হবে এবং ইউডিসিগুলোতে পরিদর্শন রেজিস্টার রাখতে হবে, আয়ের তথ্য পোর্টালে হালনাগাদ করতে হবে। এসব কাজ না করলে তাদেরকে 'কারন দর্শানোর নোটিশ' দেওয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। এ বিষয়ে ইউএনও (সকল) কে বিষয়টি মনিটরিং করার জন্য সভায় নির্দেশনা দেওয়া হয়।<br>(খ) ইউডিসি উদ্যোক্তাদের সাথে ইউনিয়ন পরিষদ থেকে অসহযোগিতার বিষয়টি দেখার জন্য ইউএনও (সকল) কে বলা হয় | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর। |
| ২.৮ | ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প কর্তৃক ইন্টারনেট সংযোগের তদারকিকরণ | (ক) ত্রিপক্ষীয় চুক্তি বাস্তবায়নের মাধ্যমে এবং সরকার নির্ধারিত "এক দেশ এক রেট" অনুসরন করে (ইউডিসি উদ্যোক্তাগণ, ISP এবং NTTN) ইন্টারনেট সেবা নিতে পারবেন।<br>(খ) ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় পপ স্থাপনের জন্য কেশবপুর ইউপিতে একটি কক্ষ বরাদ্দ প্রয়োজন। এ বিষয়ে ইউএনও, কেশবপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী প্রোগ্রামার (সকল), যশোর ও সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, যশোর। |
| ২.৯ | জেলার ইন্টারনেট এর তথ্য | (ক) ডিজিটাল বাংলাদেশের পূর্বশর্ত হচ্ছে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট কানেক্টেভিটি। কিন্তু কয়েকটি উপজেলাতে ইন্টারনেট সংযোগ থাকেনা, মাঝে মাঝে ইন্টারনেট থাকলেও তা অনেক ধীরগতির। যার দরুন বেসরকারি ইন্টারনেটের লাইন নিয়ে দাপ্তরিক কাজ করতে হয়। বিষয়টি সম্পর্কে বিটিসিএল প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>(খ) ইন্টারনেটের ব্যান্ডউইথ বাড়ানোর জন্য বিসিসি কে চিঠি দেওয়া হয়েছে। এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রাখার বিষয়ে সভায় আলোচিত হয়। | জেলা প্রশাসন, যশোর, বিভাগীয় প্রকৌশলী (টেলিকম), যশোর, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার-৩ প্রকল্প, যশোর। |
| ২.১০ | প্রশিক্ষণ ও অন্যান্য | জেলা ও উপজেলা পর্যায়ের সকল কাজে আইসিটির ব্যবহার ত্বরান্বিত করার লক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ, প্রশিক্ষণ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল), যশোর |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ তমিজুল ইসলাম খান

জেলা প্রশাসক, যশোর ও সভাপতি, জেলা
আইসিটি কমিটি, যশোর।

স্মারক নম্বর: ৫৬.০৪.৪১০০.০০০.০৬.০০২.১৯.১৪

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮
১৬ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্য।

২) আইসিটি কমিটির সদস্যবৃন্দ, যশোর

৩) অফিস কপি।

মোঃ আনিছুর রহমান
প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, যশোর ও সদস্য
সচিব, জেলা আইসিটি কমিটি, যশোর।